

সম্মানিত অভিভাবক/অভিভাবিকা ,


আসসালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহ ।

আশা করি, আল্লাহর মেহেরবাণীতে সকলেই সুস্থ্য আছেন। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার ৩০ মে পর্যন্ত ছুটি ঘোষণা করেছে। ছুটি কালীন যে সকল শিক্ষার্থী সংসদ টিভি-তে ও বিদ্যালয়ের অন-লাইন ক্লাসে অংশগ্রহণ করেছে তাদেরকে আন্তরিক ধন্যবাদ। পবিত্র লাইলাতুল কুদর ও ঈদুল ফিতর উপলক্ষ্যে আগামী ২০মে থেকে ২৮মে পর্যন্ত বিদ্যালয়ের অন-লাইন ক্লাস বন্ধ থাকবে। আগামী ২৯ মে থেকে আবার অন-লাইন ক্লাস চলবে। তবে সংসদ টিভি-তে পরিচালিত ক্লাসে সকল শিক্ষার্থীকে অংশগ্রহণ করতে হবে এবং বাড়ীর কাজ সম্পন্ন করে বিদ্যালয় খোলার পর বিষয় শিক্ষককে দেখাতে হবে-এ ব্যাপারে আপনার আন্তরিক সহযোগিতা কাম্য।

সম্মানিত অভিভাবক, বিদ্যালয় প্রেরিত মেসেজ অনুযায়ী শিক্ষার্থীদের আইডি নং -এ প্রবেশ করে আপনার সন্তানের যাবতীয় তথ্য জানার জন্যে বিশেষ ভাবে অনুরোধ করা হচ্ছে। এতে আপনার সন্তানের পরীক্ষা সমূহের সময়সূচি ও ফলাফল এবং শিক্ষার্থীদের বেতনাদি প্রদানের সুবিধার্থে অন-লাইন পেমেন্টসহ গুরুত্বপূর্ণ বিষয়াদি রয়েছে।

পরিশেষে ঈদুল ফিতরের শুভেচ্ছা সহ মহান আল্লাহর কাছে আপনার পরিবারের সকলের সুস্থতা এবং আপনার বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্যে আন্তরিক দোয়া ও সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,


২৪/০৭/২০২০
(মোঃ মনজুরুল হক)
অধ্যক্ষ
আই. ই. এস উচ্চমাধ্যমিক বিদ্যালয়
উত্তরা, ঢাকা-১২৩০